

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ৪৪০ [আন্তর্জাতিক নামারঃ ৭৭৫]

১০. কিতাবুল আযান (ক্তাব আল-আজান)

পরিচ্ছেদঃ নামাযের একই রাকআতে দুই সূরা পাঠ করা, নামাযে সূরার শেষ আয়াত পাঠ করা, কুরআন মজীদের সূরাগুলো যেভাবে বিন্যস্ত করা আছে নামাযে কিরাআত পাঠ করার সময় সে বিন্যস রক্ষা না করা এবং সূরার প্রথম আয়াতগুলো পাঠ করা

بَابُ الْجَمْعِ بَيْنَ السُّورَتَيْنِ فِي الرَّكْعَةِ

আরবী

..... عَنْ أَبْنِ مَسْعُودٍ : أَنَّهُ جَاءَهُ رَجُلٌ فَقَالَ: قَرَأْتُ الْمُفَصَّلَ اللَّيْلَةَ فِي رَكْعَةٍ، فَقَالَ: هَذَا كَهْدَ الشِّعْرِ، لَقَدْ عَرَفْتُ النَّظَائِرَ الَّتِي كَانَ النَّبِيُّ يَقْرُنُ بَيْنَهُنَّ، فَذَكَرَ عِشْرِينَ سُورَةً مِنَ الْمُفَصَّلِ، سُورَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ.

বাংলা

880) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, একদা জনৈক ব্যক্তি তাঁর কাছে আগমণ করে বললঃ আজ রাতে আমি এক রাকআতে মুফাস্মালের সমস্ত সূরা পাঠ করেছি। ইবনে মাসউদ বললেনঃ দ্রুত গতিতে যেভাবে কবিতা আবৃত্তি করা হয় তুমি কি সেভাবে পড়েছ? আমি পারস্পরিক সাদৃশ্যপূর্ণ এমন অনেক সূরা সম্পর্কে অবগত আছি যেগুলোর দু'টোকে একসাথে মিলিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযে পাঠ করতেন। এ কথা বলে তিনি মুফাস্মাল (দীর্ঘ সূরা) থেকে বিশটি সূরার নাম উল্লেখ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেগুলো থেকে দু'টো করে সূরা প্রত্যেক রাকআতে পাঠ করতেন।

টিকাঃ সূরা কাফ থেকে শুরু করে কুরআনের শেষ পর্যন্ত সকল সূরাকে মুফাস্মাল বলা হয়।

## English

To recite two Surah in one Rak'a and to recite the last verses of some Surah, or to elite the Surah in their reverse order, or to recite the beginning of a Surah

Narrated Ibn Mas`ud:

A man came to me and said, "I recited the Mufassal (Suras) at night in one rak'a." Ibn Mas`ud said, "This recitation is (too quick) like the recitation of poetry. I know the identical Suras which the Prophet (ﷺ) used to recite in

pairs." Ibn Mas`ud then mentioned 20 Mufassal Suras including two Suras from the family of (i.e. those verses which begin with) Ha, Meem [??] (which the Prophet (ﷺ) used to recite) in each rak`a.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89738>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন